# RECOGNITION FOR MOST NUMBERS OF BLOOD DONORS IN ASSAM

It's indeed a moment of pride for Patharkandi College, who has produced maximum number of blood donors in Assam in current year. It's also a pious moment to convey our sincere thanks to all the students, Teaching, non-teaching staffs and whole Patharkandi locality for making our dream come true. On 28th November 2022 we have received the information and our Principal, Dr. Monjurul Hoque received the recognition on 01st December 2022 at GMCH Auditorium, Guwahati. In that event, Keshab Mahanta, Hon'ble Minister, Health, and Family Welfare Department; Govt of Assam was present. Among others, Prof. (Dr.) Achyut Ch. Baishya, Principal Cum Chief Superintendent, GMCH; Pomi Barua, ACS, Project Director, Assam State AIDS Control Society, Assam; Sanjib Kr Kalita, Joint Director, Assam State AIDS Control Society, Assam and others were present. Dr. Monjurul Hoque received the certificate and memento from Hon'ble Minister, Sri Keshab Mahanta.

We are happy to share this achievement of our college and sharing few glimpse of the same here.

-Publicity Cell, Patharkandi College

Invitation

**OFFICE OF THE PROJECT DIRECTOR**

ASSAM STATE AIDS CONTROL SOCIETY

KHANAPARA, GUWAHATI – 22Phone: +91-361-2360524,

E-mail: assamsacs@gmail.com, Website:: www.asacs.assam.gov.in

ASACS/NACP-IV/IEC/WAD-Letters/2021/1277 Dtd. 28-11-2022

To,

The Principal
Patharkandi College/D.K.D College/ K.C. Das Commerce/Nowgong College (Autonomous)/SB Deorah College

Sub: Felicitation of Colleges on World AIDS Day, 2022

Sir/Madam,

With reference to the subject cited above, I have the honour to inform that your esteemed college has been selected as one of the best colleges for your valuable contribution towards the HIV programme and voluntary blood donation.

In this regard, your institution will be felicitated during the state-level programme of World AIDS Day on December 1, 2022 at GMCH auditorium, Guwahati at 10:30 am. You are therefore kindly requested to be a part of the event on the aforesaid day and accept the honour.

This has the approval of the Project Director, ASACS.

Thanking you,

Yours sincerely

(Rajib Sarma)
Asstt Director
Assam State AIDS Control Society
Khanapara, Guwahati-22

**Photo Gallery**





# Certificate



ASACS
ASSAM STATE AIDS CONTROL SOCIETY

GOVERNMENT OF ASSAM

NACO
National AIDS Control Organisation
India's Voice against AIDS
Ministry of Health & Family Welfare, Government of India
www.naco.gov.in

## Assam State AIDS Control Society

Khanapara, Guwahati-22

*Certificate of Appreciation / Participation*

This is to certify that PATHARKANDI COLLEGE (Highest blood donor) has participated in the Feliciation programme organized by Assam State AIDS Control Society (ASACS) on World AIDS Day Dec 1, 2022 at GMCH Auditorium, Guwahati

Assam State AIDS Control Society (ASACS) appreciates and congratulates you for being a part of the HIV / AIDS Programme and wishes you all the success in times to come.

Programme Officer
Assam State AIDS Control Society
Khanapara, Guwahati-22

AIDS Helpline 1097

Project Director
Assam State AIDS Control Society
Khanapara, Guwahati-22

# Memento


Best Performing Red Ribbon
Club (RRC) College
On the occasion of
World AIDS Day 2022
Assam State AIDS Control Society
sincerely appreciates your valuable
contribution towards HIV Programme
Assam State AIDS Control Society
Khanapara, Guwahati

# Media Coverage

**Link:**
[https://m.facebook.com/story.php?story_fbid=pfbid02vHhmCDU7n2e1BfgR4LSZuXGemtUztp48dsSABphWPhpLq2UHayKsjaYxNcQqTGpgl&id=100088007282382&sfnsn=wiwspmo&mibextid=RUbZ1f](https://m.facebook.com/story.php?story_fbid=pfbid02vHhmCDU7n2e1BfgR4LSZuXGemtUztp48dsSABphWPhpLq2UHayKsjaYxNcQqTGpgl&id=100088007282382&sfnsn=wiwspmo&mibextid=RUbZ1f)













বরাক

# রক্তদানে অসম সেরা কলেজের শিরোপা পাথারকান্দিতে

December 1, 2022 Baraktaranga.com 0 Comments patharkandi news

**বরাক তরঙ্গ, ১ ডিসেম্বর :** রক্তদানে অসম সেরা কলেজের শিরোপা অর্জন করলো পাথারকান্দি কলেজ। রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী কেশব মহন্তের হাত থেকে সেরা সম্মানটি গ্রহণ করলে পাথারকান্দি কলেজের অধ্যক্ষ মঞ্জুরুল হক। কলেজ পড়ুয়াদের নিয়ে প্রাত্যাহিক পঠনপাঠনের পাশাপাশি মানবিক দৃষ্টিকোণ থেকে সময়ে সময়ে স্বেচ্ছায় রক্তদানের মত মহান কর্মকাণ্ডের স্বীকৃতি স্বরূপ এবার অসম রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির তরফ থেকে অসম সেরা কলেজের শিরোপা পেল পাথারকান্দি কলেজ। বৃহস্পতিবার বিশ্ব এইডস দিবস উপলক্ষ্যে গুয়াহাটির জিএমসি হাসপাতাল প্রেক্ষাগৃহে অনুষ্ঠিতব্য এক জমকালো অনুষ্ঠানের প্রধান অতিথি রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী কেশব মহন্ত আনুষ্ঠানিক ভাবে কলেজ অধ্যক্ষ ড. মঞ্জুরুল হকের হাতে একটি সম্মাননা স্মারক সহ শংসাপত্র তুলে দেন।




অনুষ্ঠানে অসম রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির বিভিন্ন উচ্চপদস্থ আধিকারিক ছাড়াও স্বাস্থ্য বিভাগের বিভিন্ন আধিকারিকরা উপস্থিত ছিলেন। তাঁরা প্রত্যেকেই চলতি বছরে রক্তদান ছাড়াও সামাজিক বিভিন্ন কর্মকাণ্ডে অসমের এই কলেজ উল্লেখযোগ্য প্রদর্শন করায় কলেজের উত্তোরোত্তোর শ্রীবৃদ্ধি কামনা করেন।



এ প্রসঙ্গে কথা বলতে গিয়ে আজ সন্ধ্যায় কলেজ অধ্যক্ষ মোবাইল যোগে এই বিশেষ সম্মান প্রাপ্তিতে গোটা পাথারকান্দিবাসীর অকৃত্রিম ভালবাসা ও ছাত্রছাত্রী সহ কলেজ শিক্ষক-শিক্ষিকা ও অশিক্ষক কর্মচারীদের অবদানের কথা উল্লেখ করেন। তাছাড়া কলেজ অধ্যক্ষ ড. মঞ্জুরুল হক এই প্রাপ্তিতে অসম রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির প্রতি বিশেষ কৃতজ্ঞতাও জ্ঞাপন করেন।

***প্রতিবেদক : মোহাম্মদ জনি, পাথারকান্দি।***

**Related**

শিক্ষার উন্নতিকল্পে দীনদয়াল কলেজের সঙ্গে মউ চুক্তি সম্পন্ন পাথারকান্দি কলেজের

রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ দুটি ভাগে বিভক্ত
May 6, 2022

এমএম চূড়ান্ত পরীক্ষায় দ্বিতীয় দেওরাইল টাইটেলের আব্দুল জলিল
June 10, 2022

## তাজা খবর



অসম

### গাড়ি বিক্রির কথা বলে হানি ট্যাপিং, ধৃত চার

December 6, 2022 Baraktaranga.com 0

বরাক তরঙ্গ, ৬ ডিসেম্বর : একেবারে হানি ট্যাপিঙের নয়া পন্থা। গাড়ি বিক্রির কথা বলে অর্থ সংগ্রহ করতে ফাঁদ পেতে পুলিশের

Spread the News



শান্ত অযোধ্যা, মথুরায় মসজিদ প্রাঙ্গনে হনুমান চালিশা নিয়ে সতর্ক যোগী পুলিশ
December 6, 2022 0



উত্তরবঙ্গ ব্যাপী রেল রোকো আন্দোলনে চরম ভোগান্তি যাত্রীদের
December 6, 2022 0



থানার ভিতরে পুলিশের গুলিতে হত সহকর্মী
December 6, 2022 0

## বিজ্ঞাপন




Link:

https://baraktaranga.com/?p=18185&frame-nonce=30309db2d6

Prantajyoti Dainik, Silchar, Wednesday, 30 November, 2022, Page-7

# রক্তদানে নজরকাড়া সফলতা পাথারকান্দি কলেজের

## এইডস দিবসে গুয়াহাটিতে বিশেষ সম্মান জানাবে এইডস কন্ট্রোল সোসাইটি

**প্রান্তজ্যোতি প্রতিবেদন, পাথারকান্দি, ২৯ নভেম্বর :** কলেজ পড়ুয়াদের নিয়ে প্রাত্যহিক পঠনপাঠের পাশাপাশি মানবিক দৃষ্টিকোণ থেকে সময়ে সময়ে স্বেচ্ছায় রক্তদানের মত মহান কর্মকাণ্ডের স্বীকৃতি স্বরূপ এবার অসম রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির তরফ থেকে সেরা কলেজের শিরোপা পেল পাথারকান্দি কলেজ।

আগামী ১ ডিসেম্বর বিশ্ব এইডস দিবস উপলক্ষে গুয়াহাটির জিএমসি হাসপাতাল প্রেক্ষাগৃহে অনুষ্ঠিতব্য বিশ্ব এইডস দিবসের অংগ হিসেবে রাজ্যভিত্তিক অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে এই কলেজকে বিশেষ সম্মানে সম্মানিত করা হবে বলে গতকাল এক পত্র যোগে পাথারকান্দি কলেজ অধ্যক্ষকে এ খবর জানিয়েছেন অসম রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির সহ সঞ্চালক রাজীব শর্মা। আজ এনিয়ে কথা বলতে গিয়ে এই কলেজ অধ্যক্ষ ড. মঞ্জুরুল হক বলেন, রক্ত দিলে শরীরের হয় না কোনও ক্ষতি, জাগ্রত হয় মানবিক অনুভূতি। মূলত এই মহান উদ্দেশ্যকে সামনে রেখে অন্যান্য বছরের ন্যায় এবারও চলতি বছরে কলেজের পক্ষ থেকে একাধিকবার বেশ কয়েকটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল। এতে প্রায় দু-শতাধিকেরও অধিক পড়ুয়া সহ স্থানীয় বিভিন্ন পেশার সঙ্গে যুক্ত ব্যক্তিরা স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে এসেছিলেন। এর আগে রক্তদানে উৎসাহিত করতে একাধিকবার কলেজ প্রাঙ্গণে বিভিন্ন সচেতনতা মূলক ক্যাম্পেনের আয়োজন করে কলেজ কর্তৃপক্ষ। এতদিন যে বা যারা রক্ত দিতে ভয় পেতেন, তারাও এখন অন্যান্যদের দেখে স্বেচ্ছায় এই রক্তদানে উদ্বুদ্ধ হয়ে এই মহান কাজে ধীরে ধীরে এগিয়ে আসছেন বলে কলেজ অধ্যক্ষ জানান। এদিকে, কলেজের এই প্রাপ্তিতে ব্যাপক খুশি ব্যক্ত করেছেন কলেজ শিক্ষক ও অশিক্ষক কর্মচারী, ছাত্রছাত্রী সহ স্থানীয় শিক্ষানুরাগী মহল। কলেজ অধ্যক্ষ ড. মঞ্জুরুল হক এই প্রাপ্তিতে অসম রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির প্রতি বিশেষ কৃতজ্ঞতা ও জ্ঞাপন করেন।

# রক্তদানে অসম সেরা পাথারকান্দি কলেজ

**সুরজিৎ সেন, পাথারকান্দি, ১ ডিসেম্বর** : কলেজ পড়ুয়াদের নিয়ে প্রাত্যাহিক পঠনপাঠের পাশাপাশি মানবিক দৃষ্টিকোণ থেকে সময়ে সময়ে স্বেচ্ছায় রক্তদানের মত মহান কর্মকাণ্ডের স্বীকৃতি স্বরূপ এবার অসম রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির তরফ থেকে অসম সেরা কলেজের শিরোপা পেল পাথারকান্দি কলেজ।

নির্ধারিত সূচি অনুযায়ী আজ বিশ্ব এইডস দিবস উপলক্ষে গুয়াহাটির জিএমসি হাসপাতাল প্রেক্ষাগৃহে অনুষ্ঠিতব্য এক জমকালো অনুষ্ঠানের প্রধান অতিথি রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী কেশব মহন্ত আনুষ্ঠানিকভাবে কলেজ অধ্যক্ষ ড. মঞ্জুরুল হকের হাতে একটি স্মৃতি স্মারক সম্মান সহ শংসাপত্র তুলে দেন। অনুষ্ঠানে অসম রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির বিভিন্ন উচ্চপদস্থ আধিকারিক ছাড়া ও স্বাস্থ্য বিভাগের বিভিন্ন আধিকারিকরা উপস্থিত ছিলেন। তাঁরা প্রত্যেকেই চলতি বছরে রক্তদান ছাড়াও সামাজিক বিভিন্ন কর্মকাণ্ডে অসমের এই কলেজ উল্লেখযোগ্য প্রদর্শন করায় কলেজের উত্তরোত্তর শ্রীবৃদ্ধি কামনা করেন। এ প্রসঙ্গে কথা বলতে গিয়ে আজ সন্ধ্যায় কলেজ অধ্যক্ষ মোবাইল যোগে এই বিশেষ সম্মান প্রাপ্তিতে গোটা পাথারকান্দিবাসীর অকৃত্রিম ভালোবাসা ও ছাত্রছাত্রী সহ কলেজ শিক্ষক-শিক্ষিকা ও অশিক্ষক কর্মচারীদের অবদানের কথা স্বীকার করেন। তাছাড়া কলেজ অধ্যক্ষ ড. মঞ্জুরুল হক এই প্রাপ্তিতে অসম রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির প্রতি বিশেষ কৃতজ্ঞতা ও জ্ঞাপন করেন।



# রক্তদানে নজরকাড়া সাফল্যের জন্য সম্মান পাচ্ছে পাথারকান্দি কলেজ

**সাময়িক প্রসঙ্গ, কটামণি, ৩০ নভেম্বর** : রক্তদানে নজরকাড়া সফলতা পাথারকান্দি কলেজের। তাই এইড্‌স দিবসে এই কলেজকে গুয়াহাটিতে বিশেষ সম্মানে ভূষিত করবে রাজ্য এইড্‌স কন্ট্রোল সোসাইটি। কলেজ পড়ুয়াদের নিয়ে প্রতিদিন পাঠদানের পাশাপাশি মানবিক দৃষ্টিকোণ থেকে সময়ে সময়ে স্বেচ্ছায় রক্তদানের মতো মহান কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ এবার অসম রাজ্য এইড্‌স কন্ট্রোল সোসাইটির তরফ থেকে সেরা কলেজের শিরোপা পেল পাথারকান্দি কলেজ। আগামীকাল বিশ্ব এইড্‌স দিবস উপলক্ষে গুয়াহাটির জিএমসি হাসপাতাল প্রেক্ষাগৃহে অনুষ্ঠিতব্য রাজ্যভিত্তিক অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে ওই কলেজকে বিশেষ সম্মানে সম্মানিত করা হবে বলে সোমবার এক পত্রযোগে পাথারকান্দি কলেজ অধ্যক্ষকে এ খবর জানিয়েছেন অসম রাজ্য এইড্‌স কন্ট্রোল সোসাইটির সহ-সঞ্চালক রাজীব শর্মা। মঙ্গলবার এ নিয়ে কথা বলতে গিয়ে কলেজ অধ্যক্ষ ড. মঞ্জুরুল হক বলেন, রক্ত দিলে শরীরের কোনও ক্ষতি হয় না। জাগ্রত হয় মানবিক অনুভূতি। মূলত এই মহান উদ্দেশ্যকে সামনে রেখে এবারও চলতি বছরে কলেজের পক্ষ থেকে একাধিকবার বেশ কয়েকটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল। এতে প্রায় দু'-শতাধিকেরও অধিক পড়ুয়া সহ স্থানীয় বিভিন্ন পেশার সঙ্গে যুক্ত ব্যক্তিরা স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে এসেছিলেন। এর আগে রক্তদানে উৎসাহিত করতে একাধিকবার কলেজ প্রাঙ্গণে বিভিন্ন সচেতনতামূলক ক্যাম্পেনের আয়োজন করে কলেজ কর্তৃপক্ষ। এতদিন যে বা যারা রক্ত দিতে ভয় পেতেন তারাও এখন অন্যান্যদের দেখে স্বেচ্ছায় এই রক্তদানে উদ্বুদ্ধ হয়ে এই মহান কাজে ধীরে ধীরে এগিয়ে আসছেন বলে কলেজ অধ্যক্ষ জানান। এদিকে, কলেজের এই প্রাপ্তিতে ব্যাপক সন্তোষ ব্যক্ত করেছেন কলেজ শিক্ষক ও অশিক্ষক কর্মচারী, ছাত্রছাত্রী সহ স্থানীয় শিক্ষানুরাগী মহল। কলেজ অধ্যক্ষ এই সম্মান প্রাপ্তির জন্য অসম রাজ্য এইড্‌স কন্ট্রোল সোসাইটির প্রতি কৃতজ্ঞতাও জ্ঞাপন করেন।